গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

বিষয়: **বাণিজ্য মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার পরিকল্পনার নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী**

সভাপতি : তপন কান্তি ঘোষ
: সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
সভার তারিখ : ০৯ নভেম্বর, ২০২২ খ্রি:
সভার সময় : ৯.৩০ ঘটিকা
উপস্থিতি : **Zoom Platfrom**

সভার প্রারম্ভে জুম প্লাটফরমের মাধ্যমে সভায় সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সকল দপ্তর-সংস্থায় সুশাসন নিশ্চিত করতে হবে। সেবাগ্রহীতাদের দ্রুত সেবা প্রদানের মাধ্যমে সরকারের লক্ষ্য ভিত্তিক অঙ্গীকারসমূহ অর্জনে সবাইকে নিজ দায়িত্বের প্রতি আন্তরিক ও মনোযোগী হতে হবে। নতুন নতুন কর্মকৌশল উদ্ভাবনের মাধ্যমে সরকারি কাজ সহজীকরণ করে এর সুফল জনগণের মধ্যে পৌঁছে দিতে হবে। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

বাণিজ্য মন্ত্রণালয়ের চলতি ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন কৌশল পর্যালোচনা ও সিদ্ধান্ত:

এনআইএস কার্যক্রম সূচক	পর্যবেক্ষণ/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকাররী
১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	চলতি ২০২২-২৩ অর্থবছরে সকল দপ্তর-সংস্থায় ৪টি নৈতিকতা কমিটি'র সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এর মধ্যে ০২টি নৈতিকতা কমিটি'র ০২টি সভা অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ৩য় নৈতিকতা কমিটি'র সভা আগামী জানুয়ারী ২০২৩ এর মধ্যে অনুষ্ঠান আয়োজন করতে হবে।	৩য় নৈতিকতা কমিটি'র সভা জানুয়ারী ২০২৩ এর মধ্যে অনুষ্ঠানের আয়োজন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটি'র ২য় সভায় গৃহীতব্য সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও মূল্যায়নের বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহের উপর অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর-সংস্থার প্রধানগণ অনুরূপ প্রয়োজনীয় সহায়তা প্রদান নিশ্চিত করবেন।	নৈতিকতা কমিটির ২য় সভায় গৃহীতব্য সিদ্ধান্তসমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং পরবর্তী সভায় তা ফলোআপ অব্যাহত রাখতে হবে।	অনুবিভাগ প্রধান এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে চলতি অর্থবছরে মোট ২টি সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এর মধ্যে ১ম অংশীজনের সভাটি আমদানি অনুবিভাগ কর্তৃক ১৮ অক্টোবর ২০২২ তারিখে আয়োজন করা হয়। ২য় অংশীজনের সভাটি ফেব্রুয়ারি ২০২৩ এর আয়োজন করা যেতে পারে।	২য় অংশীজনের (stakeholders) সভাটি ফেব্রুয়ারি ২০২৩ এর মধ্যে আয়োজন করতে হবে।	বাণিজ্য মন্ত্রণালয় সকল অনুবিভাগ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা
১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	চলতি ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ের ২৩২ জন কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এর মধ্যে ১ম কোয়ার্টারে ৭২ জন কর্মকর্তা/কর্মচারীর প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ২য় কোয়ার্টারের (ডিসেম্বর ২০২২) লক্ষ্যমাত্রা অনুযায়ী নূন্যতম ৫০ জন কর্মকর্তা/কর্মচারীর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের কর্মকর্তা/কর্মচারীর শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-২ শাখা) এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানগণ

১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)	বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে অফিসের অকেজো মালামাল ডিসেম্বর ২০২২ এর মধ্যে বিধি মোতাবেক নিলামের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। এছাড়া অফিসের পুরানো নথি ৩য় ত্রৈমাসিকের মধ্যে নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে নিষ্পত্তি করতে হবে।	কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের মধ্যে অকেজো মালামাল ও বিনষ্টযোগ্য নথি নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে নিষ্পত্তি করতে হবে।	প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-১/৭ শাখা)
১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	বার্ষিক কর্মপরিকল্পনায় জাতীয় শুদ্ধাচার কৌশলের ৪টি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারত আছে। এর মধ্যে ১ম ত্রৈমাসিকের ০১টি ফিডব্যাক কর্মশালার রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২য় ত্রৈমাসিকের প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (সেপ্টেম্বর-ডিসেম্বর/২০২২) নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং দপ্তর/সংস্থার ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে।	প্রশাসন অনুবিভাগ (বাজেট শাখা) এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ
২.১ ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০২২-২৩ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্প ভিত্তিক অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে সংশোধনী বাজেটে বরাদ্দ হ্রাস/বৃদ্ধি ঘটলে তদানুযায়ী বার্ষিক ক্রয়-পরিকল্পনা সংশোধন করা যেতে পারে।	রাজস্ব এবং উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্প ভিত্তিক অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা সংশোধিত বাজেটের বরাদ্দ অনুযায়ী বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রয়োজন অনুসারে সংশোধন করতে হবে।	প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-৭ ও পরিকল্পনা-৩ শাখা) এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ
২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)	২য় কোয়ার্টারে জন্য নির্ধারিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রয় কার্যক্রম সম্পন্নের ৩০% লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত উন্নয়ন বাজেট বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালকগণকে এবং রাজস্ব বাজেট বাস্তবায়নের জন্য ব্যয়কারী শাখা প্রধানগণ-কে কার্যক্রম গ্রহণ করত হবে।	বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০০% বাস্তবায়ন নিশ্চিতকল্পে ২য় কোয়ার্টারে জন্য নির্ধারিত ৩০% লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-৭) ও উন্নয়ন অনুবিভাগ (পরিকল্পনা-৩ শাখা)
২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকের মধ্যে ৩০% বাজেট ব্যয় করতে হবে। এ লক্ষ্যে উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগ-কে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান করবেন।	২য় ত্রৈমাসিকে এডিপিতে বরাদ্দকৃত বাজেটে ৩০% ব্যয় নিশ্চিত করতে হবে।	উন্নয়ন অনুবিভাগ/ডব্লিউ টিও অনুবিভাগ
২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	চলতি ২০২২-২৩ অর্থবছরে এনআইএস বার্ষিক কর্মপরিকল্পনায় ০৮টি PIC ও ২৪টি PSC সভাসহ মোট ৩২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এর মধ্যে ১ম ত্রৈমাসিকে ০৮টি সভা আয়োজন সম্পন্ন করা হয়েছে। ২য় ত্রৈমাসিকে নির্ধারিত ০৮ টি সভা সম্পন্ন করতে হবে।	বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৮টি PSC ও PIC সভা সম্পন্ন করতে হবে এবং সভার কার্যবিবরণী বাজেট শাখায় ০২ সেট প্রেরণ করতে হবে।	উন্নয়ন অনুবিভাগ (পরিকল্পনা-৩ শাখা) এবং প্রকল্প পরিচালকগণ
২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	প্রকল্প- সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধিমোতাবেক হস্তান্তর করতে হবে। 'ই-বাণিজ্য করব নিজের ব্যবসা গড়ব' প্রকল্পের মালামাল হস্তান্তর করতে হবে।	প্রকল্পের সম্পদ নির্দিষ্ট 'ছক' অনুযায়ী বুঝিয়ে দেওয়ার জন্য প্রকল্প পরিচালক-কে অবহিত করতে হবে। 'ই-বাণিজ্য করব নিজের ব্যবসা গড়ব' প্রকল্পের মালামাল সংশ্লিষ্ট শাখায় হস্তান্তর করতে হবে।	বাজেট শাখা ও উন্নয়ন অনুবিভাগ (পরিকল্পনা-৩ শাখা)
৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	মন্ত্রণালয়ের টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। সকল ধরনের সরকারি গাড়ির অপব্যবহার রোধ করতে হবে। এ বিষয়ে যানবাহন ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন এবং বছরান্তে প্রত্যয়ন প্রদান করবেন।	অর্থবছর শেষে শুদ্ধাচার কর্মপরিকল্পনার চূড়ান্ত বাস্তবায়ন প্রতিবেদনের সাথে গাড়ীর ব্যবহার সম্পর্কিত প্রত্যয়নপত্র প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।	প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-৭ শাখা) এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ

৩.২ ত্রৈমাসিক ভিত্তিতে কর্মচারীগণের ই-নথির ব্যবহার বৃদ্ধিতে পুরস্কার প্রদান	ই-নথি ব্যবহার নীতিমালা অনুযায়ী ১ম কোয়ার্টারে ই-নথির ব্যবহার ৮০% এর নিচে হওয়ায় পুরস্কার প্রদান করা সম্ভব হয়নি। ২য় ত্রৈমাসিকে কর্মচারীগণের ই-নথির ব্যবহার ৮০% এর উপরে নিশ্চিত করতে হবে এবং পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২য় ত্রৈমাসিকে কর্মচারীগণের ই-নথির ব্যবহার ৮০% এর উপরে করত: পুরস্কার প্রদান করতে হবে।	প্রশাসন অনুবিভাগ (আইসিটি শাখা এবং প্রশাসন-৪ শাখা), সংস্থা প্রধানগণ
৩.৩ বাণিজ্য সংগঠন সমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ	চলতি ২০২২-২৩ অর্থবছরে এনআইএস বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাণিজ্য সংগঠনসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১২টি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এর মধ্যে ১ম ত্রৈমাসিকে ২টি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ২য় ত্রৈমাসিকে নির্ধারিত ০৩টি প্রশিক্ষণ প্রদান করতে হবে।	এনআইএস কর্মপরিকল্পনায় অনুযায়ী ২য় ত্রৈমাসিকে ৩টি প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে এবং কার্যবিবরনী ০২ সেট বাজেট শাখায় প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বাণিজ্যসংগঠন ও (টিও-২ শাখা)
৩.৪ বাণিজ্য সংগঠনের কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিতকল্পে মনিটরিং	চলতি ২০২২-২৩ অর্থবছরে এনআইএস বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাণিজ্য সংগঠনের আর্থিক ও সাংগঠনিক স্বচ্ছতা নিশ্চিতকল্পে ৫০টি বাণিজ্য সংগঠন মনিটরিং এর লক্ষ্যমাত্রা নির্ধারিত। এর মধ্যে ১ম ত্রৈমাসিকে ১২টি মনিটরিং করা হয়েছে। ২য় ত্রৈমাসিকে নির্ধারিত ১৫টি পরিদর্শন সম্পন্ন করে পরিদর্শন রিপোর্ট প্রেরণ নিশ্চিত করতে হবে। পরিদর্শনের ফলে বাণিজ্য সংগঠনের কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের ক্ষেত্রে কি রূপ প্রতিফলন ঘটেছে, তা Top Sheet আকারে ০২ সেট বাজেট শাখায় প্রেরণ করতে হবে।	২য় ত্রৈমাসিক সময়ে প্রাপ্তব্য ১৫টি পরিদর্শন রিপোর্ট পরিদর্শনের ফলে বাণিজ্য সংগঠনের কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের ক্ষেত্রে কি রূপ প্রতিফলন ঘটেছে, তা Top Sheet আকারে ০২ সেট বাজেট শাখায় প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বাণিজ্যসংগঠন (টিও-২ শাখা)

০২। **বিবিধ আলোচনা:** শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্তে মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবার মান উন্নীতকরণের লক্ষ্যে সভাপতি মহোদয়ের নির্দেশনা নিম্নরূপ:

(ক) প্রত্যেক দপ্তর/সংস্থার গ্রাহকদের সাথে গণশুনানির ফলোআপ পরবর্তী নৈতিকতার কমিটি'র সভায় উপস্থাপন করতে হবে;

(খ) মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের উদ্দীপনামূলক কাজের স্বীকৃতি হিসেবে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) সরকারের সংস্কারমূলক কাজের প্রচারণা বৃদ্ধির জন্য অডিও/ভিডিও ও সংবাদপত্রের মাধ্যমে জনসম্মুখে তুলে ধরতে হবে;

(ঘ) প্রত্যেক দপ্তর-সংস্থায় সেবা-গ্রহীতাদের নিয়ে দপ্তর প্রধানগণ গণশুনানী অব্যাহত রাখবেন এবং প্রাপ্ত অভিযোগ/ পরামর্শের ভিত্তিতে নির্ঝঞ্জাট সেবা প্রদানের লক্ষ্যে কর্মপদ্ধতির উন্নয়ন ঘটাতে হবে;

(ঙ) দপ্তর/সংস্থার প্রধানগণ মাঠ পর্যায়ের অফিসগুলির সাথে নিয়মিত জুম মিটিং এর মাধ্যমে দুর্নীতি ও হয়রানি মুক্ত সেবা প্রদানের উদ্যোগী ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের উদ্বুদ্ধ (Motivation) করতে হবে;

(চ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উত্তম চর্চার অনুশীলন, সুশাসন প্রতিষ্ঠা, দুর্নীত প্রতিরোধকল্পে Brain stroming এর মাধ্যমে নতুন কর্মসম্পাদন সূচক নির্ধারণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(তপন কান্তি ঘোষ)
সিনিয়র সচিব

নম্বর-২৬.০০.০০০০.০৯৬.২০.০৩৯.২১. ২৫৫

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯ / ১৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০২। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম
০৩। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বাণিজ্য সংগঠন), বাণিজ্য মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/রপ্তানি/ডব্লিউটিও সেল/আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
০৬। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
০৭। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
০৮। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
০৯। চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
১০। উপসচিব (প্রশাসন-১/২/৭/পরিকল্পনা-৩/টিও-২ শাখা), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। আইসিটি সেল, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অফিস/মাস্টারকপি।

১৩.১১.২০২২
(মোঃ শহিদ উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব